



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন : ৯৫৭৪০২৫
পিএবিএক্স : ৯৫৬০০৩১-৩৫/ ৪৫৩
ফ্যাক্স : ৯৫৫২৪১০
ই-মেইল :
dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যাউবি-৮(অংশ-৪)/২০১৭-২০১৮/ ১০৫৭

তারিখঃ ৩০.০৫.২০১৮ইং

সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরের বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান স্পস্টীকরণ প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের ২৯.০৫.২০১৮ তারিখে জারীকৃতপত্র নং- ডিএমডি-১(শানিব্যাউবি) পরিপত্র নং ১/২০১৮ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। পরিচালনা পর্যদের ৭০৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২০ জুন, ২০১৮ তারিখের মধ্যে ২০১৬-২০১৭ অর্থ বছরের বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান সুসম্পন্ন করার সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। সময় স্বল্পতাহেতু অত্যন্ত দ্রুততার সাথে আলোচ্য অর্থ বছরের বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান সম্পন্ন করানার্থে নিম্নবর্ণিত সময়সূচি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ


- ২.০১ অনতি বিলম্বে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ তাঁদের কার্যালয়ের একজন উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা পদমর্যাদা সম্পন্ন একজন ডিলিং অফিসার নিয়োগ সম্পন্ন করবেন, যিনি আঞ্চলিক বাছাই কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ২.০২ সকল শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারী ব্যক্তিগত উদ্যোগে ব্যাংকের ওয়েব সাইট হতে বিকেবি শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে ২০১৬-২০১৭ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার মূল্যায়নের জন্য ৫ জুন, ২০১৮ তারিখের মধ্যে স্ব স্ব নিয়ন্ত্রকারী প্রধান বরাবর দাখিল করবেন। বাছাই কমিটির স্বাক্ষরদান ও সীল প্রদানের স্বার্থে মূল্যায়ন ফরম অবশ্যই লিগ্যাল সাইজ কাগজে প্রিন্ট নিতে হবে। ব্যাংকের ওয়েব সাইটের Notice/Circular, Downloads এবং NIS ট্যাবসমূহে বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালার পরিশিষ্ট-ক" তে মূল্যায়ন ফরম পাওয়া যাবে।
- ২.০৩ প্রধান কার্যালয়ের মূল্যায়নকারী কর্মকর্তাগণ প্রাপ্ত মূল্যায়ন ফরম মূল্যায়নপূর্বক ১০ জুন, ২০১৮ তারিখের মধ্যে গোপনীয় খামে শুদ্ধাচার পুরস্কার প্রধান কার্যালয় বাছাই কমিটির সদস্য সচিব (উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ) বরাবর প্রেরণ নিশ্চিত করবেন। একই ভাবে উক্ত সময়ের মধ্যে বিভাগীয় মূল্যায়নকারী কর্মকর্তাগণ প্রাপ্ত মূল্যায়ন ফরম মূল্যায়নপূর্বক বিভাগীয় বাছাই কমিটির সদস্য সচিব, (বিভাগীয় কার্যালয়ের উপমহাব্যবস্থাপক, পরিচালন) বরাবর প্রেরণ করবেন; মুখ্য আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং শাখা ব্যবস্থাপকগণ আঞ্চলিক বাছাই কমিটির সদস্য সচিব, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা পদমর্যাদা সম্পন্ন একজন ডিলিং অফিসার) বরাবর প্রেরণ করবেন।
- ২.০৪ আঞ্চলিক বাছাই কমিটির সদস্য সচিব, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা পদমর্যাদা সম্পন্ন একজন ডিলিং অফিসার) ১২ জুন, ২০১৮ তারিখের মধ্যে আঞ্চলিক বাছাই কমিটির সভা আয়োজন করে অঞ্চলের সর্বোচ্চ নম্বর প্রাপ্ত গ্রেড-৩ হতে গ্রেড ১০ ভুক্ত দুইজন কর্মচারী (১ম ও ২য়) ও গ্রেড-১১ হতে গ্রেড ২০ ভুক্ত দুইজন কর্মচারী (১ম ও ২য়) মনোনয়ন করে একই তারিখের মধ্যে গোপনীয় খামে বিভাগীয় বাছাই কমিটির সদস্য সচিব (বিভাগীয় কার্যালয়ের উপমহাব্যবস্থাপক, পরিচালন) বরাবর প্রেরণ করবেন।
- ২.০৫ শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির বিভাগীয় সদস্য সচিব, বিভাগীয় কার্যালয়ের উপমহাব্যবস্থাপক (পরিচালন) মূল্যায়নকৃত ফরমসমূহের প্রাপ্ত নম্বরেরক্রম অনুসারে গোপনীয়ভাবে গ্রেড-৩ হতে গ্রেড ১০ ভুক্ত কর্মচারীদের একটি এবং গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভুক্ত কর্মচারীদের একটি মোট ০২টি তালিকা প্রস্তুত করে ১৫ জুন, ২০১৮ তারিখের মধ্যে বিভাগীয় বাছাই কমিটির সভা আয়োজন করে সভায় উপস্থাপন করবেন। বাছাই কমিটি উপস্থাপিত তালিকা পর্যালোচনা করে প্রয়োজন মনে করলে কোন কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্ত নম্বরে সংযোজন বিয়োজন করে গ্রেড-৩ হতে গ্রেড ১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভুক্ত একজন কর্মচারী; মোট ০২ জনকে চূড়ান্তভাবে নির্বাচন করবেন। প্রতি বিভাগ হতে চূড়ান্তভাবে নির্বাচিত ০২জনকে বিভাগীয় বাছাই কমিটির সভাপতির স্বাক্ষরে পুরস্কার প্রদানের সুপারিশ একই তারিখের মধ্যে উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।
- ২.০৬ প্রধান কার্যালয়ের শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সদস্য সচিব, উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ ১৫ জুন, ২০১৮ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের মূল্যায়নকৃত ফরমসমূহের প্রাপ্ত নম্বরেরক্রম অনুসারে গোপনীয়ভাবে গ্রেড-২ হতে গ্রেড ১০ ভুক্ত কর্মকর্তাগণের একটি তালিকা এবং গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের অপর একটি তালিকা প্রস্তুত করে বাছাই কমিটির সভা আয়োজন করে সভায় উপস্থাপন করবেন। বাছাই কমিটি উপস্থাপিত তালিকা ০২টি পর্যালোচনা করে প্রয়োজন মনে করলে কোন কর্মকর্তা/কর্মচারীর প্রাপ্ত নম্বরে সংযোজন বিয়োজন করে গ্রেড-২ হতে গ্রেড ১০ ভুক্ত একজন কর্মচারী এবং গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভুক্ত একজন কর্মচারী; মোট ০২জনকে চূড়ান্ত নির্বাচন করবেন।

- ২.০৭ উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ ১৬ জুন, ২০১৮ তারিখে মাঠ পর্যায়ের ০৯টি বিভাগীয় বাছাই কমিটি হতে প্রাপ্ত ১৮জন এবং প্রধান কার্যালয়ের ০২জনসহ মোট ২০জনকে বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অনুমোদন গ্রহনসহ ০২ কপি সনদ স্বাক্ষরের নিমিত্ত নথি উপস্থাপন করবেন। অনুমোদন গ্রহনের অব্যবহিত পরেই পুরস্কার সংশ্লিষ্ট কার্যালয়সমূহের জন্য বাজেট বরাদ্দ দেয়ার জন্য বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগে একটি তালিকা প্রেরণ করবেন এবং একই সাথে শুদ্ধাচার পুরস্কার সনদসহ এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের ঘোষণা জারী করে পুরস্কার প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার সনদের ০১ কপি সরবরাহ করবেন পাশাপাশি পুরস্কার প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নথিতে সনদ সংরক্ষণ করে সার্ভিস বহিতে পুরস্কার সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ করার স্বার্থে পুরস্কার প্রাপ্তদের তালিকা ও সনদের অপর কপি যথাক্রমে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট - ১ ও ২ এ প্রেরণ করবেন।
- ২.০৮ বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে প্রাপ্ত তালিকা মোতাবেক ২০ জুন, ২০১৮ তারিখের মধ্যে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান করে পুরস্কার সংশ্লিষ্ট কার্যালয়সমূহকে অবহিত করবেন।
- ২.০৯ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট - ১ ও ২ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে প্রাপ্ত বিকেবি শুদ্ধাচার পুরস্কার সনদ সরবরাহকৃত তালিকা অনুযায়ী অনতি বিলম্বে নথিভুক্ত করে সার্ভিস বহিতে পুরস্কার সংক্রান্ত তথ্য এবং পরবর্তী ০৩ বছর পর পুনরায় বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তির যোগ্যতা অর্জনের তারিখ লিপিবদ্ধ করবেন।
- ২.১০ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কতৃক পুরস্কার প্রদানের ঘোষণা এবং বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ কতৃক বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পুরস্কার প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ স্থানীয়ভাবে এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ উত্তোলন করতে পারবেন।

০৩। হেডডেস্কঃ বিকেবি শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজনে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা জনাব মোঃ ইয়াহিয়া ভূঁইয়া (মোবাইল নং-০১৭১১৬৭৮৪৭৫) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-



(মোঃ মিজানুর রহমান)
উপমহাব্যবস্থাপক
ফোন নং- ০২৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৪)/২০১৭-২০১৮/ ১০৫৭(১২৫০)

তারিখঃ ৩০.০৫.২০১৮ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গহেনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, অধ্যক্ষ স্টাফ কলেজ ও সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সকল উপমহাব্যবস্থাপক, সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। - উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।


(মোঃ ইস্কান্দার আলী সিকদার)
সহকারী মহাব্যবস্থাপক
ফোন নং-০২৯৫৮৭২৩৬